

**বগুড়া আয়িযুল হক কলেজ**  
**ছাত্রলীগের দু'পক্ষের ধাওয়া**  
**ককটেল বিস্ফোরণ**

**প্রতিনিধি, বগুড়া**

বগুড়ার সরকারি আয়িযুল হক কলেজে সোমবার দুপুরে ছাত্রলীগের দু'পক্ষের মধ্যে ধাওয়া ও ককটেল বিস্ফোরণ হয়েছে। এ ঘটনার দু'পক্ষ যুঝেযুঝি অবস্থান নিয়েছে। ছাত্রলীগের আয়িযুল হক কলেজ কমিটি ভেঙে দেয়া নিয়ে গত কিছুদিন ধরে উত্তেজনা বিরাজ করেছে। জানুয়ারিতে হঠাৎ করে জেলা ছাত্রলীগ আয়িযুল হক কলেজ কমিটিসহ ৪টি কমিটি ভেঙে দেয়ার পর থেকে বিরোধ চলছিল। এর জের ধরে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহবুবুল হকের নেতৃত্বে ছাত্রলীগের একটি গ্রুপ কলেজ ক্যাম্পাসে গেলে উত্তেজনা দেখা দেয়। কলেজের ভেঙে দেয়া আহ্বায়ক কমিটির নেতৃত্বাধীন গ্রুপের সঙ্গে বাকবিতণ্ডার একপর্যায়ে ধাওয়া-পাল্টা ধাওয়া ও দু'দফা ককটেল বিস্ফোরণ হয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করে।